


বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক গৃহীত উদ্ভাবনী
উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন

১. সকল সভার নোটিশ/কার্যপত্র এবং পত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও গ্রুপ ই-মেইল এবং ক্ষুদ্রে বার্তায় প্রেরণ করা;
২. মন্ত্রণালয়ের সকল এলোমেলো ইলেকট্রিক তার সুন্দরভাবে গুছিয়ে রাখা ও বৈদ্যুতিক বোর্ড, সকেট ও প্লাগ নিয়মিত পরীক্ষণ;
৩. অর্জিত ছুটি/অগ্রিম মঞ্জুরের পর ক্ষুদ্রে বার্তায় আবেদনকারীকে জানিয়ে দেয়া;
৪. সভার কার্যপত্র সভার ১দিন আগে ই-মেইলে প্রেরণ এবং সভার কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন;
৫. অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রমাণক সংগ্রহ করা এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা করা;
৬. ন্যাশনাল সার্ভিস কর্মসূচি যে সকল এলাকায় চলমান রয়েছে এবং যে সকল এলাকায় কার্যক্রম শুরু হবে সে সকল এলাকায় ন্যাশনাল সার্ভিসের নীতিমালা ব্যাপক প্রচার করা এবং অর্থের সদ্ব্যবহার করা;
৭. ভিডিও কনফারেন্স এর মাধ্যমে যুব ও ক্রীড়া কার্যক্রম বিষয়ে উপজেলা/জেলা পর্যায়ে কর্মকর্তাদের সাথে আলোচনার মাধ্যমে সমস্যাগুলি জানা এবং মন্ত্রণালয়ের কৌশল ও অবস্থান মাঠ পর্যায়ের অফিসসমূহকে জানানো;
৮. মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম পরিবীক্ষণের জন্য নির্ধারিত প্রতিবেদন ফরমে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান;
৯. যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন হতে দুঃস্থ ক্রীড়াবিদদের কল্যাণ অনুদান প্রদান করা হয়। অনুদান ফরমটি সরল ও সহজবোধ্য এবং একই রকম করা;
১০. আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ খাতে ইভেন্ট অনুযায়ী অর্থ ছাড়করণ এবং ইভেন্টে অংশগ্রহণের বিষয়টি অনানুষ্ঠানিকভাবে যাচাইকরণের মাধ্যমে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ;
১১. দপ্তর/সংস্থা হতে তথ্য সংগ্রহের ক্ষেত্রে প্রয়োজ্যক্ষেত্রে পূর্বে সংগৃহীত তথ্যকে তথ্য ভান্ডার হিসেবে ব্যবহার করা;
১২. ফেডারেশনসমূহকে আর্থিকভাবে স্বচ্ছল করতে বিগত ৫ বছরের আয়ের উৎস ও ব্যয়ের খাতসমূহ সংগ্রহ করা;
১৩. ফেডারেশনসমূহকে প্রশিক্ষণ ও প্রতিযোগিতা/ক্রীড়া ক্যালেন্ডার প্রস্তুতে উদ্বুদ্ধ করা।


২৬/০৬/২০১৭
হোসনা আফরোজা
সিনিয়র সহকারী সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার